# ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ ঈমান

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৫৯) জাহান্নামের অধিকাংশ অধিবাসী হবে মহিলা -কথাটি কি ঠিক? ঠিক হয়ে থাকলে কারণ কী?

উত্তর: জাহান্নামের অধিকাংশ অধিবাসী হবে মহিলা -কথাটি ঠিক। কেননা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদা খুৎবা প্রদানের সময় তাদেরকে উদ্দেশ্য করে বলেছেন,

«يَا مَعْشَرَ النِّسَاءِ تَصَدَّقْنَ فَإِنِّي أُرِيتُكُنَّ أَكْثَرَ أَهْلِ النَّارِ فَقُلْنَ وَبِمَ يَا رَسُولَ اللَّهِ قَالَ تُكْثِرْنَ اللَّعْنَ وَتَكْفُرْنَ الْعَشِيرَ»

“হে নারী সমাজ! তোমরা বেশি করে সাদকা কর। কারণ, আমি জাহান্নামের অধিকাংশকেই দেখেছি তোমাদের মধ্যে থেকে। জাহান্নামের অধিকংশ অধিবাসী কেন মহিলাদের মধ্যে থেকে হবে -এ প্রশ্ন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে করা হয়েছিল। তিনি বলেছেন, তোমরা বেশি পরিমাণে মানুষের ওপর অভিশাপ করে থাক এবং স্বামীর সদাচরণ অস্বীকার কর।”[1]নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ হাদীসে নারীদের বেশি হারে জাহান্নামে যাওয়ার কারণ বর্ণনা করেছেন। তারা বেশি পরিমাণে মানুষকে গালি-গালাজ করে, অভিশাপ করে এবং স্বামীর অকৃতজ্ঞ হয়।

>

## ফুটনোট

[1] সহীহ বুখারী, অধ্যায়: কিতাবুল হায়য।

Source — https://www.hadithbd.com/books/link/?id=591

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন